

📖 সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৮৯৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ৮৯৬]

পর্ব-১১: সালাত শুরু করা (كِتَابُ الْإِفْتِتَاحِ)

পরিচ্ছেদঃ ১৫: তাকবীর ও কিরাআতের মধ্যে দু'আ

باب الدعاء بين التكبيرة والقراءة

আরবী

أَخْبَرَنَا عَلِيُّ بْنُ حُجْرٍ، قَالَ: أَنْبَأَنَا جَرِيرٌ، عَنْ عُمَارَةَ بْنِ الْقُعْقَاعِ، عَنْ أَبِي زُرْعَةَ بْنِ عَمْرِو بْنِ جَرِيرٍ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا افْتَتَحَ الصَّلَاةَ سَكَتَ هُنَيْهَةً فَقُلْتُ بِأَبِي أَنْتَ وَأُمِّي يَا رَسُولَ اللَّهِ مَا تَقُولُ فِي سَكُوتِكَ بَيْنَ التَّكْبِيرِ وَالْقِرَاءَةِ قَالَ أَقُولُ: اللَّهُمَّ بَاعِدْ بَيْنِي وَبَيْنَ خَطَايَايَ كَمَا بَاعَدْتَ بَيْنَ الْمَشْرِقِ وَالْمَغْرِبِ، اللَّهُمَّ نَقِّنِي مِنْ خَطَايَايَ كَمَا يُنْقَى الثَّوْبُ الْأَبْيَضُ مِنَ الدَّنَسِ، اللَّهُمَّ اغْسِلْنِي مِنْ خَطَايَايَ بِالْمَاءِ وَالتَّلْجِ وَالْبَرَدِ .

تخريج دارالدعوة: انظر حديث رقم: ٦٠ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 896 – صحيح

বাংলা

৮৯৫. 'আলী ইবনু হুজর (রহ.) আবু হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত, রাসূলুল্লাহ (সা.) যখন সালাত শুরু করতেন তখন কিছুক্ষণ চুপ থাকতেন। আমি বললাম, হে আল্লাহর রসূল! আমার মাতা-পিতা আপনার প্রতি কুরবান হোক, আপনি তাকবীর ও কিরাআতের মাঝখানে চুপ থেকে কি বলেন? তিনি বললেন, আমি বলি -

“আল্ল-হুম্মা বা-ইদ বাইনী ওয়া বাইনা খত্বা-ইয়া-ইয়া কামা- বা'আদতা বাইনাল মাশরিকি ওয়াল মাগরিব, আল্ল-হুম্মা নাকিনী মিনাল খত্বা-ইয়া- কামা- ইউনাক্স সাওবুল আবইয়াযু মিনাদ দানাস, আল্ল-হুম্মাগসিল খত্বা-ইয়া-ইয়া বিলমা-য়ি ওয়াস্ সালজি ওয়াল বারদ।”

(হে আল্লাহ! আমার ও আমার পাপরাশির মাঝে ব্যবধান সৃষ্টি করে দাও যেমন পূর্ব ও পশ্চিমের মাঝে ব্যবধান সৃষ্টি করেছে। হে আল্লাহ! আমাকে আমার পাপরাশি হতে পবিত্র করে দাও যেমন সাদা কাপড় ময়লা হতে পরিষ্কার করা

হয়ে থাকে। হে আল্লাহ! আমাকে পানি, বরফ, শিলা বৃষ্টির সাহায্যে ধৌত কর।)

English

15. The Supplication Between The Takbir And The Recitation

It was narrated that Abu Hurairah said: When the Messenger of Allah (ﷺ) started to pray he would pause briefly. I said: 'May my father and mother be ransomed for you, O Messenger of Allah, what do you say when you pause briefly between the takbir and recitation?' He said: 'I say: Allahuma ba'id bayni wa bayna khatayaya kama ba'adta bayna al-mashriqi wal-maghrib; Allahumma naqqini min khatayaya kama yunaqqa ath-thawb al-abyad min ad-danas; Allahumma ighsilni min khatayaya bil ma'i wa ath-thalji wal-barad. (O Allah, put a great distance between me and my sins, as great as the distance You have made between the East and the West; O Allah, cleanse me of my sins as a white garment is cleansed from filth; O Allah, wash away my sins with water and snow and hail).'

ফুটনোট

সহীহ: বুখারী ৭৪৪, মুসলিম ৫৯৮, ইবনু মাজাহ ৮০৫, ইওয়াউল গালীল ৮। [দ্রঃ ৬০]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=87269>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন